
৫৫০ কোটি টাকা লুট করে পালিয়েছেন প্রধান উপদেষ্টা ইউনুসের বিশেষ সহকারী তৈয়ব



প্রধান উপদেষ্টা ইউনুস ও সহকারী তৈয়ব। ছবি: সংগৃহীত

প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ফয়েজ আহমেদ তৈয়্যব দেশ ছেড়ে নেদারল্যান্ডসে পালিয়ে গেছেন। অভিযোগ আছে, তিনি বাংলাদেশ থেকে প্রায় সাড়ে পাঁচশো কোটি টাকা লোপাট করেছেন। প্রবাসী সাংবাদিক নির্ঝর এক ফেসবুক পোস্টে এই তথ্য জানান।

একটি গোয়েন্দা সংস্থার তথ্য অনুযায়ী, ফয়েজ তৈয়্যবকে ডিজিটাল খাতের নতুন মহাজন হিসেবে দেশে নিয়োগ দেয়া হয়েছিল জুলাই বিপ্লবের পর। দায়িত্বে থাকাকালীন শুধুমাত্র নগদ হস্তান্তরের মাধ্যমে শত কোটি টাকা লোপাট করার অভিযোগ উঠেছে।

কয়েকদিন আগে সামাজিক মাধ্যমে বিভিন্ন সূত্রে বলা হয়েছিল যে ফয়েজ তৈয়্যব দেশ ছেড়ে পালানোর সম্ভাবনা রয়েছে। আজ সকালে সেই আশঙ্কা সত্যি হলো। বিমানবন্দরে আটক করার চেষ্টা করা হলেও তাকে পরে ছাড়পত্র দেওয়া হয়।

LENS ASIA